এবার সবুজ শ্যামলে ভরে উঠবে কালাচাঁদপুর জেয়ালা বিলের দুপাড়ে

এবার সবুজে শ্যামলে ভরে উঠবে কালাচাঁদপুর জেয়ালার বিলের দুপাড়ে ষ্ট্রিপ বাগানে। শুধু বনজ নয় এখানে মানুষ খুজে পাবে তাদের কাঙিখত বিভিন্ন ওষধি ও বিভিন্ন ফলের গাছ।সবুজই প্রাণের স্পন্দন। বেঁচে থাকার মূলমন্ত্র। সবুজ মানেই প্রকৃতি। প্রকৃতি মানেই প্রাণ। প্রকৃতি না থাকলে মানুষ থাকবে না। এই উপলব্ধি নিয়ে মেহেরপুর বন বিভাগের উদ্যোগে মেহেরপুর শহরের কালাচাঁদপুর জেয়ালার বিলের দুপাড়ে ষ্ট্রিপ বাগান সৃজনের বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন করা হয়েছে।

আজ বুধবার (৭ সেপ্টেম্বর) দুপুরের দিকে মেহেরপুর পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করেন।

মেহেরপুর সামাজিক বনবিভাগের ভারপ্রাপ্ত কর্মকর্তা জাফর উল্লাহ’র সভাপতিত্বে অনুষ্ঠিত এই বৃক্ষরোপন কর্মসূচিতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর পৌরসভার প্যানেল মেয়র সাহিনুর রমান রিটন। এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা বন কর্মকর্তা মাসুদুর রহমান মিশু। উপস্থিত ছিলেন এলাকার স্থানীয় গণ্যমান্য ব্যাক্তি ও বনবিভাগের কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

সামাজিক বনায়ন কর্মসূচির আওতায় মেহেরপুর শহরের জেয়ালা পাড়ের দু’পাশে বিভিন্ন প্রজাতীর ফলজ, বনজ ও ঔষধি গাছের প্রায় ২০০০ চারা লাগানো হয়।